

যদি পাওয়া যেত লিরিক্স:-

যদি পাওয়া যেত, কাউকে তোর মতো ,
তোকেই খবর দিতাম।
যদি মাপা যেত, ভালোবাসা,
হিসেব কষে নিতাম।

কে আসলে কার, মন ভাঙবার, উপযোগী।

ঘুম ভাঙা রগড়ানো ঝাপসা দুচোখ,
স্পষ্ট কিছু যায়নি দেখা।
স্বপ্ন ভাঙলে পরে যতদূর চোখ যায়,
নিজেকে পাই যে একা।
ঘুম ভাঙা রগড়ানো ঝাপসা দুচোখ,
স্পষ্ট কিছু যায়নি দেখা।
স্বপ্ন ভাঙলে পরে যতদূর চোখ যায়,
নিজেকে পাই যে একা।

যদি ভেজা যেত, একসাথে ,
কিছুটা বৃষ্টি কিনে নিতাম।
যদি ধরা যেত, সব মুহূর্ত ,
কিছুটা তোকে রেখে দিতাম।

কে আসলে কার, মন ভাঙবার, উপযোগী।

শহরের ভিড় আজও খুঁজে ফেরে আমাদের,
একসাথে যায়নি দেখা।
দুজনেই ইতিহাস মুছতে ব্যস্ত তবু
গ্যালারিতে জমিয়ে রাখা।
শহরের ভিড় আজও খুঁজে ফেরে আমাদের,
একসাথে যায়নি দেখা।
দুজনেই ইতিহাস মুছতে ব্যস্ত তবু
গ্যালারিতে জমিয়ে রাখা।

যদি পাওয়া যেত, কাউকে তোর মতো,
তোকেই খবর দিতাম,
যদি মাপা যেত, ভালোবাসা,
হিসেব কষে নিতাম।

কে আসলে কার, মন ভাঙবার, উপযোগী।